ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স- ১০৩৩</u>

আগরতলা, বিলোনীয়া, ২৯ আগস্ট,২০২৪

**গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলায় বন্যা পরিস্থিতি**
**খতিয়ে দেখতে আন্ত:মন্ত্রণালয় কেন্দ্রীয় প্রতিনিধি দল**



রাজ্যের বন্যা পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে আন্ত:মন্ত্রণালয় কেন্দ্রীয় প্রতিনিধি দল আজ পৃথকভাবে গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার বিভিন্ন বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনের সময় প্রতিনিধিদল দু'টি গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার মানুষের সঙ্গে মতবিনিময় করেন এবং ত্রাণ শিবির ঘুরে দেখেন। স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্ম সচিব (ফরেনার্স) বি সি জোশী, কৃষি এবং কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা জিন্টু দাস এবং গ্রামোন্নয়ন মন্ত্রকের যুগ্ম অধিকর্তা (দিশা) উমেশ কুমার রাম দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনীয়া, শান্তিরবাজার এবং সাব্রুমের বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন। অর্থমন্ত্রকের ব্যয় দপ্তরের উপঅধিকর্তা মহেশ কুমার, সড়ক পরিবহণ এবং হাইওয়ে মন্ত্রকের গুয়াহাটি রিজিওন্যাল অফিসের সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার পি কে মিনা এবং জলশক্তি মন্ত্রকের অধিকর্তা শশাঙ্ক ভূষণ আজ সকাল থেকে গোমতী জেলার উদয়পুর এবং অমরপুরের বন্যা কবলিত বিভিন্ন এলাকা পরিদর্শন করেন।

কেন্দ্রীয় প্রতিনিধি দলের চেয়ারম্যান স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্মসচিব বি সি জোশী, জিন্টু দাস এবং উমেশ কুমার রাম দক্ষিণ ত্রিপুরা জেলার বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। প্রতিনিধি দলটি বিলোনীয়ার বনকর এলাকায় মুহুরী নদীর ভাঙ্গন, মাইছড়া টাউন ক্যাম্প এলাকায় ক্ষতিগ্রস্ত কৃষি জমি, বন্যা কবলিত আশিস দাস ও পার্শ্ববর্তী এলাকার কয়েকজনের ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি, বিলোনীয়া-জোলাইবাড়ি রাস্তার রতনপুর এলাকায় রাস্তার ভাঙ্গন, দক্ষিণ মুহুরীপুর জেবি স্কুলে ত্রাণ শিবির পরিদর্শন করেন এবং ক্ষতিগ্রস্ত মানুষের সঙ্গে মতবিনিময় করেন। এর পর প্রতিনিধি দলটি আগরতলা-সাব্রুম রাস্তায় দক্ষিণ হিচাছড়া এডিসি ভিলেজ এলাকায় জাতীয় সড়কের ভাঙ্গন, মনুঘাটের শস্যভান্ডার নামে পরিচিত গোবিন্দমাঠের বন্যা পরবর্তী পরিস্থিতি সরেজমিনে পরিদর্শন করেন। প্রতিনিধি দলের সঙ্গে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক স্মিতা মল, বিলোনীয়া, শান্তিরবাজার এবং সাব্রুমের মহকুমা শাসকগণ, বিভিন্ন ব্লকের বিডিওগণ এবং সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

দক্ষিণ ত্রিপুরা জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনের আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের যুগ্মসচিব বি সি জোশীর নেতৃত্বে আন্তঃমন্ত্রণালয়ের কেন্দ্রীয় প্রতিনিধি দলটি বিলোনীয়ার সার্কিট হাউসের কনফারেন্স হলে এক সভায় মিলিত হন। সভায় জেলাশাসক ও সমাহর্তা স্মিতা মল জেলায় বন্যা পরিস্থিতি এবং ক্ষয়ক্ষতির এক সচিত্র প্রতিবেদন কেন্দ্রীয় প্রতিনিধি দলের কাছে তুলে ধরেন। প্রতিনিধি দলের সঙ্গে ছিলেন রাজস্ব দপ্তরের অতিরিক্ত সচিব তমাল মজুমদার। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিলোনীয়া মহকুমার মহকুমা শাসক রিঙ্কু লেথার, অ্যাসিস্টেন্ট কালেক্টর কৃষ্ণ চন্দ্র গুপ্ত, জেলা শাসক কার্যালয়ের সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট যোগেশ রিয়াং, ভারতচন্দ্রনগর ব্লকের বিডিও কাবেরী নাথ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকবৃন্দ।

*******২য় পাতায়*

কেন্দ্রীয় প্রতিনিধি দলের সদস্য মহেশ কুমার, পি কে মিনা এবং শশাঙ্ক ভূষণ আজ প্রথমে উদয়পুরে যান। প্রতিনিধি দলটি উদয়পুরের সুভাষ সেতু থেকে গোমতী নদীর দুই পাড়ের বন্যা কবলিত এলাকা এবং ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি পরিদর্শন করেন। এর পর তারা যান মহারাণী ব্যারেজ সংলগ্ন হীরাপুরে। সেখানে তারা ক্ষতিগ্রস্ত ফসলের জমি পরিদর্শন করেন এবং গ্রামবাসীর সঙ্গে মতবিনিময় করেন। এর পর তারা উদয়পুর-অমরপুর রাস্তা, গান্ধারী এলাকায় ক্ষতিগ্রস্ত রাস্তা, রাঙামাটির কো-অপারেটিভ পাড়ায় ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি, ফসল ও মৎস্যচাষ, বামপুরের সমতল পাড়ায় ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি, পানীয়জল প্রকল্প, বিদ্যুৎ পরিকাঠামো, কাকড়াবনে ক্ষতিগ্রস্ত রাস্তা, ফসল, মৎস্যচাষের জলাশয় প্রভৃতি পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রতিনিধিদলের সঙ্গে ছিলেন বিধায়ক জীতেন্দ্র মজুমদার, গোমতী জেলার অতিরিক্ত জেলাশাসক জয়ন্ত ভট্টাচার্য, অতিরিক্ত জেলাশাসক বিনয়ভূষণ দাস, রাজস্ব দপ্তরের অতিরিক্ত সচিব সুমিত লোধ, বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরের স্টেট প্রজেক্ট অফিসার শরৎ কুমার দাস, অমরপুর ও উদয়পুর মহকুমার মহকুমা শাসক, বিডিওগণ সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

******